

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৭. মিথ্যার পরিচয় ও চিহ্নিত করণ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ৪. ২. প্রকৃত মতভেদ

কিছু হাদীসের বিষয়ে মুহাদ্দিসগণের প্রকৃত মতভেদ দেখতে পাওয়া যায়। এ জাতীয় অধিকাংশ হাদীসের ক্ষেত্রে মুহাদ্দিসগণের মতভেদ 'যয়ীফ বনাম মাউয়'। কোনো মুহাদ্দিস বলেছেন, হাদীসটি মাউয় নয় বরং যয়ীফ, পক্ষান্তরে কেউ তাকে মাউয় বলে গণ্য করেছেন। অল্প কিছু হাদীসের বিষয়ে 'সহীহ বনাম মাউয়' মতভেদ দেখতে পাওয়া যায়। অর্থাৎ কোনো মুহাদ্দিস একটি হাদীসকে মাউয় বলে গণ্য করেছেন, কিন্তু অন্য মুহাদ্দিস হাদীসটিকে সহীহ বলে উল্লেখ করেছেন। এ সকল মতভেদের ক্ষেত্রে পরবর্তী মুহাদ্দিসগণ বিভিন্ন নিরীক্ষার মাধ্যমে কোনো একজনের মতকে অগ্রাধিকার প্রদান করেছেন। বিষয়টি অনেকটা বিচারের রায়ের ক্ষেত্রে মতভেদ ও আপীলের মত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4656

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন